

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং-২৩/২০১৯

তারিখঃ ২৩/০৪/২০১৯খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যাদের প্রতি,

৩২তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশনের সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ২৯/০৪/২০১৯খ্রিঃ বিকাল ৩:০০ ঘটিকায় এসোসিয়েশনের ৩২তম বার্ষিক সাধারণ সভা হল-২৪, সি আর বি রোড (এম এ আজিজ স্টেডিয়াম সংলগ্ন), চট্টগ্রাম এ অনুষ্ঠিত হবে।

উক্ত বার্ষিক সাধারণ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সম্মানিত সদস্য/সদস্যগণকে অনুরোধ জানানো যাচ্ছে।


আলোচ্যসূচী :

- ০১। ০৭/০৫/১৮ ইং তারিখে অনুষ্ঠিত ৩১তম বার্ষিক সাধারণ সভা, ১৬/০৭/২০১৮ইং অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভা এবং ২১/০১/২০১৯ইং অনুষ্ঠিত জরুরী সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চয়করণ।
- ০২। সাধারণ সম্পাদক কর্তৃক ২০১৮ইং সালের প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন।
- ০৩। এসোসিয়েশনের ২০১৮ইং সালের অডিট প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।
- ০৪। এসোসিয়েশনের ২০১৯ইং সালের প্রস্তাবিত বাজেট অনুমোদন।
- ০৫। অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা কমিটি গঠন।
- ০৬। এসোসিয়েশনের ২০১৯ ইং সালের হিসাব নিরীক্ষার জন্য অডিটর নিয়োগ ও তাঁহাদের সম্মানী নির্ধারণ।
- ০৭। সিএন্ড এফ এজেন্টস্ কল্যাণ তহবিল পরিচালনা কমিটিতে সাধারণ সদস্যদের মধ্য থেকে ২(দুই) জন সদস্য মনোনয়ন।
- ০৮। এসোসিয়েশনের নব গঠিত উপদেষ্টা পরিষদের অনুমোদন।
- ০৯। উপদেষ্টা পরিষদ সদস্য সংখ্যা বৃদ্ধি করা প্রসঙ্গে।
- ১০। সি এন্ড এফ টাওয়ারের সার্টিফিকেট সকল সদস্যদের মধ্যে হস্তান্তর (Transfer) করার সুযোগ প্রদান প্রসঙ্গে।
- ১১। বিবিধ (সভাপতির অনুমতিক্রমে)।

বিঃ দ্রঃ- সভায় অংশগ্রহণের জন্য ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট /পরিচয় পত্র আনতে হবে। অংশিদারী প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশিদার নিজে অংশগ্রহণ করলে তাঁর কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট ও পরিচয় পত্র এবং পরিচালক, অংশিদার অংশগ্রহণ করলে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশিদার হতে প্রতিষ্ঠানের লেটার হ্যাণ্ডে প্রাধিকার পত্র আনতে হবে। সভায় কোন বিষয়ে মতামতের সংখ্যাধিক্য নির্ণয়ের প্রয়োজন হলে উক্ত দলিলাদি প্রয়োজন হবে।



এ, কে, এম, আকতার হোসেন
সভাপতি



মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)
সাধারণ সম্পাদক